রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৬, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**যোগাযোগ মন্ত্রণালয়**

সড়ক ও রেলপথ বিভাগ

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ই নভেম্বর, ২০০০ ইং/৩০শে কার্তিক, ১৪০৭ বাং

**এস, আর, ও নং ৩৩৯-আইন/২০০০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোণাম**।—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস (রেলওয়ে পরিবহণ ও বাণিজ্যিক) ক্যাডার (প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা) বিধিমালা, ২০০০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "ক্যাডার" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (রেলওয়ে পরিবহণ ও বাণিজ্যিক) ক্যাডার ;

(খ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন ;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ;

(ঘ) "প্রশিক্ষণ প্রতিষ্ঠান" অর্থ রেলওয়ে অথরিটি কর্তৃক পরিচালিত রেলওয়ে ট্রেনিং একাডেমী বা সরকার কর্তৃক নির্ধারিত অনুরূপ অন্য কোন প্রতিষ্ঠান ;

(ঙ) "বিভাগীয় পরীক্ষা" অর্থ বিধি ৪ এ উল্লিখিত বিভাগীয় পরীক্ষা ;

(চ) "শিক্ষানবিশ" অর্থ ক্যাডারের স্থায়ী শূন্য পদে প্রারম্ভিকভাবে নিযুক্ত কোন ব্যক্তি ; এবং

(ছ) "শিক্ষানবিশকাল" অর্থ Bangladesh Civil Service Recruitment Rules, 1981-এর rule-6 এ উল্লিখিত মেয়াদ এবং উক্ত rule অনুসারে বর্ধিত বা বর্ধিত বলিয়া গণ্য মেয়াদও ইহার অন্তর্ভুক্ত হইবে।



মূল্য ঃ টাকা ২.০০

৩। **প্রশিক্ষণ।**—(১) শিক্ষানবিশকালে সরকার Bangladesh Civil Service Recruitment Rules, 1981-এর rule-7 অনুসারে কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রত্যেক শিক্ষানবিশকে বুনিয়াদি প্রশিক্ষণদানের ব্যবস্থা করিবে।

(২) উপ-বিধি(১)-এর অধীনে সরকার প্রশিক্ষণের ব্যবস্থা করিলে সংশ্লিষ্ট শিক্ষানবিশ কর্মকর্তা উক্ত প্রশিক্ষণে অংশ গ্রহণ করিয়া উহা সফলতার সহিত সমাপ্ত করিবেন।

(৩) সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান, প্রশিক্ষণের পাঠ্যক্রম, পরীক্ষা পদ্ধতি ও অন্যান্য প্রাসংগিক বিষয় নির্ধারণ করিতে পারিবে, তবে সরকার প্রয়োজনবোধে উক্ত প্রতিষ্ঠানকে তৎসম্পর্কে প্রাসংগিক নির্দেশ দিতে পারিবে।

(৪) প্রত্যেক প্রশিক্ষণার্থী সফলতার সহিত তাহার প্রশিক্ষণ সমাপ্ত করিয়াছেন কিনা তৎসম্পর্কে সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান, প্রশিক্ষণ সমাপ্তির পর, সরকারের নিকট একটি প্রতিবেদন পেশ করিবে এবং এইরূপ প্রতিবেদন সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর বার্ষিক গোপনীয় প্রতিবেদনের সহিত নথিতে রক্ষিত থাকিবে।

(৫) কোন প্রশিক্ষণার্থী সফলতার সহিত প্রশিক্ষণ সমাপ্ত করিতে না পারিলে উহা সমাপ্ত করিবার জন্য সরকার তাহাকে পুনরায় সুযোগ দিতে পারিবে।

৪। **বিভাগীয় পরীক্ষা।**—(১) শিক্ষানবিশকাল অতিক্রান্ত হইবার পূর্বেই প্রত্যেক শিক্ষানবিশকে তফসিলে বর্ণিত পাঠ্যক্রম এবং এই বিধিমালার অন্যান্য বিধান অনুসারে অনুষ্ঠিত বিভাগীয় পরীক্ষায় পাস করিতে হইবে।

(২) উপ-বিধি(১) এ উল্লিখিত পরীক্ষা কমিশন কর্তৃক গৃহীত ও পরিচালিত হইবে।

৫। **বিভাগীয় পরীক্ষার সময়সূচী, ইত্যাদি।**—প্রতি বৎসর দুইবার, সম্ভব হইলে জুন ও ডিসেম্বর মাসে বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠিত হইবে এবং কমিশন উক্ত পরীক্ষার সম্ভাব্য সময়সূচী ও আনুষঙ্গিক তথ্যাদি সম্পর্কে সরকারকে অবহিত করিবে এবং সরকার কমিশনের চাহিদা মোতাবেক তৎসম্পর্কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

৬। **বিভাগীয় পরীক্ষায় পাশের নম্বর।**—(১) তফসিলে উল্লিখিত প্রতিটি পত্রে কোন শিক্ষানবিশ ন্যূনপক্ষে শতকরা ৬০ নম্বর প্রাপ্ত হইলে তাহাকে বিভাগীয় পরীক্ষায় কৃতকার্য বলিয়া ঘোষণা করা হইবে।

(২) কমিশন প্রত্যেক শিক্ষানবিশ-এর পরীক্ষার ফলাফল বাংলাদেশ গেজেটে প্রকাশ করিবে।

৭। **একাধিকবার বিভাগীয় পরীক্ষার সুযোগ দান।**—কোন শিক্ষানবিশ বিভাগীয় পরীক্ষায় তফসিলে উল্লিখিত সকল বা কোন নির্দিষ্ট পত্রে একবারে কৃতকার্য হইতে না পারিলে তিনি যে পত্রে বা পত্রসমূহে অকৃতকার্য হন, তাহার শিক্ষানবিশকালে সেই পত্র বা পত্রসমূহের পরীক্ষায় অংশ গ্রহণ করিবার জন্য তাহাকে এক বা একাধিকবার সুযোগ প্রদান করা যাইবে।

৮। **প্রশ্নপত্র প্রণয়ন।**—(১) তফসিলে উল্লিখিত প্রথম ও তৃতীয় পত্রের প্রশ্নপত্র ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক মনোনীত কর্মকর্তা দ্বারা প্রণীত হইবে।

(২) তফসিলে উল্লিখিত হিসাব ২য় পত্রের প্রশ্নপত্র মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক মনোনীত রেলওয়ে বিভাগের মহা-পরিচালক/যুগ্ম-মহাপরিচালক/পরিচালক (অর্থ)-এর নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা দ্বারা প্রণীত হইবে।

৯। **তফসিল সংশোধন।**—সরকার, প্রয়োজনবোধে, কমিশনের সহিত পরামর্শক্রমে বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপন দ্বারা তফসিল সংশোধন করিতে পারিবে।

তফসিল

[বিধি-২(গ) দ্রষ্টব্য]

বি, সি, এস, (রেলওয়ে পরিবহণ ও বাণিজ্যিক) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষার পাঠ্যক্রম

প্রথম পত্র

আইন, বিধি ও পদ্ধতি (পুস্তক ব্যতীত)

সময় ঃ ৩ ঘন্টা

পূর্ণ নম্বর ঃ ১০০

পাস নম্বর ঃ ৬০

পাঠ্য বিষয়সমূহ ঃ—

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান ;

২। Rules of Business, 1996 (with uptodate amendments) ;

৩। The Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979;

৪। The Bangladesh Civil Service Recruitment Rules, 1981;

৫। The Public Employees Discipline (Punctual Attendance) Ordinance, 1982 (Ord. No. XXXIV of 1982);

৬। The Government Servants (Special Provisions) Ordinance, 1979 (Ord. No. XI of 1979);

৭। The Government Servants (Conduct) Rules, 1979;

৮। Railway Establishment Code Vol-I, Chapter-I, General;

৯। Railway Establishment Code Vol-II, Chapter-XX : Railway Fundamental Rules—Service Conditions, Pay & Deputation ;

১০। Railway Servants (Efficiency and Discipline) Rules, 1961 ;

১১। The Public Servants (Retirement) Act, 1974 (Act XII of 1974) এবং The Public Servants (Retirement) Rules, 1975 ;

১২। The Official Secrets Acts, 1923 (Act XIX of 1923) ও সরকারী সম্পত্তির নিরাপত্তা ও ক্লাসিফাইড ম্যাটেরিয়াল ব্যবহারের নির্দেশাবলী ;

১৩। Secretariat Instructions, 1976.

১৪। Bangaldesh Service Rules (Part-I & II)

১৫। Fundamental Rules.

১৬। Govt. Estate Manual.

১৭। The Acquisition & Requisition of Immovable Property Ordinance, 1982 (Ord. No. II of 1982).

১৮। The Bangladesh Abandoned Property (Control, Management & Disposal) Order, 1972 (P.O. NO. 16 of 1972).

দ্বিতীয় পত্র

হিসাব (পুস্তকসহ)

সময় ঃ ৩ ঘন্টা

পূর্ণ নম্বর ঃ ১০০

পাস নম্বর ঃ ৬০

পাঠ্য বিষয়সমূহ ঃ

1. Bangladesh Govt. Railway Code for the Accounts Department Part-I

| | |
|---|---|
| (a) Chapter-X | : Structure of Railway Accounts. |
| (b) Chapter-XI | : General Books and Subsidiary Accounts Records |
| (c) Chapter-XVI | : Suspense Accounts |
| (d) Chapter-XVII | : Security Deposits. |

2. State Railway General Code Vol. I.

| | |
|---|---|
| (a) Chapter-IV | : Annual Budget. |
| (b) Chapter-V | : Revised and Budget Estimates. |
| (c) Chapter-VII | : Financial Justification of Railway Expenditure. |
| (d) Chapter-VIII | : Control over Expenditure. |
| (e) Chapter-XVI | : Bills for Pay and Allowances. |
| (f) Chapter-XIII | : Contingent Charges. |
| (g) Chapter-XVII | : Disallowances and Objections. |
| (h) Chapter-XVIII | : Losses, Frauds and Embezzlements. |

3. Railway Establishment Code, Vol. II.

| | |
|---|---|
| (a) Chapter-XXI | : Railway Fundamental Rules-Leave, Joining time and Foreign Service. |
| (b) Chapter-XXIII | : Railway Pension Rules-Ordinary Pensions. |
| (c) Chapter-XXIV | : Railway Pension Rules-Service Qualifying for ordinary Pensions. |

4. Prescribed Leave Rules, 1959 (With up to date amendments).

5. The General Provident Fund Rules, 1979.

6. Railway Servants Group Insurance Ordinance, 1969 (Ord. No. XX of 1969) (with up to date amendments).

7. Railway Servants Beneveolent Fund Ordinance, 1969 (Ord. No. XIX of 1969) (With up to date amendments).

তৃতীয় পত্র

রেলওয়ে পরিবহণ ও বাণিজ্যিক ক্যাডারের কার্যক্রম সম্পর্কিত বিষয়াদি

(পুস্তক ব্যতীত)

সময় ঃ ৩ ঘন্টা

পূর্ণ নম্বর ঃ ১০০

পাস নম্বর ঃ ৬০

পাঠ্য বিষয়সমূহ ঃ

(ক) পরিবহণ ৫০ নম্বর

1. General & Subsidiary Rules ;
2. Framing of Working Time Table ;
3. Framing of Stations Working Rules ;
4. Train Control System ;
5. Rolling Stock Interchange ;
6. Preparation of Last Stock Report (LSR) and Daily Operating Position (DOP) ;
7. Maintenance of basic data and preparation of Narrative Reports and all other Periodical Reports ;
8. Management Information System ;
9. Intercity Train Operating Manual ;
10. Traffic Manual Part-I ;
11. Intercountry Interchange Traffic and Transit Traffic ;
12. Freight Train Operation ;
13. Marshalling yard operation.

(খ) বাণিজ্যিক ৫০ নম্বর

1. Study of the preparation of source documents, Booking of Passenger, Parcel, Luggage, Goods etc ;
2. Accountal of Station earning ;
3. Station Balance Sheet ;
4. System of daily clerance of the Station earnings ;
5. Organization and functions of the Traffic Accounts Branch ;
6. Railway Rating Procedures ;
7. Settlement of claims ;
8. Procedures of ticket Indenting, Supply, Stocking, Disposal & Inventory thereof ;
9. Stations Inspection Systems and Procedures ;

10. Error sheets and their disposal ;
11. Ticket checking system and excess fare ticket returns ;
12. Traffic Manual Part-II ;
13. Traffic Survey, Opening of new Stations and services, Closure of existing Stations and services ;
14. Railway Container Services.

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**সৈয়দ রেজাউল হায়াত**
সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।